

১৭৭

২৩

**শিক্ষক ঐক্য
পরিষদের
১৫-দফা**

ইত্তেফাক রিপোর্ট ॥ ৩টি শিক্ষক সংগঠনের সমন্বয়ে গঠিত বাংলাদেশ শিক্ষক ঐক্য পরিষদ গতকাল সোমবার জাতীয় প্রেস-ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ১৫ দফা দাবী আদায়ের লক্ষ্যে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করিয়াছে। এই কর্মসূচী অনুযায়ী ২০শে ডিসেম্বরের মধ্যে প্রধান (১ম পঃ ৩-এর কঃ প্রঃ)

**শিক্ষক ঐক্য পরিষদ
(১ম পঃ পর)**

মন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ, ৬ই জানুয়ারী হইতে ১৫ই জানুয়ারী পর্যন্ত গণসংযোগ পক্ষ পালন, ১৯শে জানুয়ারী সকল বেসরকারী মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক স্কুলে প্রতীক ধর্মঘট, ২৬শে জানুয়ারী উপজেলা পর্যায়ে সমাবেশ ও মিছিল, ৩০শে জানুয়ারী জেলা পর্যায়ে সমাবেশ, মিছিল এবং ৯ই ফেব্রুয়ারী ঢাকায় জাতীয় সমাবেশের আয়োজন করা হইবে।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কামরুজ্জামান সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। শিক্ষক সমিতির (নুরুল্লাহ) সভাপতি মোঃ নুরুল্লাহ, সহকারী শিক্ষক সমিতির সভাপতি বদরুদ্দিন হাওলাদার ও হেনাদাস সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

শিক্ষক ঐক্য পরিষদের ১৫ দফা দাবী হইল : নতন বেতন স্কেলে বেসরকারী শিক্ষক কর্মচারী দের অন্তর্ভুক্ত করা, বার্ষিক বেতন বৃদ্ধিসহ শিক্ষক কর্মচারীদের ১০০ ভাগ বেতন ভাতার দায়িত্ব সরকার কর্তৃক গ্রহণ অভিজ্ঞ শিক্ষকদের অভিজ্ঞতার পুনঃ মূল্যায়ন, অবসর গ্রহণের সময়সীমা ৭০ বছরে উন্নীত করা, আই,এলও-এর সুপারিশ বাস্তবায়ন, বেসরকারী শিক্ষক-কর্মচারীদের মাসিক অনুদানের টাকা প্রতিমাসে নিয়মিতভাবে প্রদান ইত্যাদি।